

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

www.cabinet.gov.bd

নোটিশ

প্রকাশনার তারিখঃ ০৫-০১-২০২৩

২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল এবং আওতাধীন অফিসের অর্ধ-বার্ষিক ফলাবর্তক (feedback) প্রদান।

২০২২-২৩ অর্থবছরের এপিএ নির্দেশিকায় ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল এবং ৩০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আওতাধীন অফিসের এপিএ'র অর্ধ-বার্ষিক ফলাবর্তক (Feedback) প্রদান করার ব্যাপারে নির্দেশনা রয়েছে।

২। আগামী ১৫ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত এপিএএমএস সফটওয়্যারে সকল অফিসের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করার জন্য উন্মুক্ত থাকবে। এছাড়া এই সফটওয়্যারে আওতাধীন অফিসের এপিএ'র প্রতিটি সূচকের বিপরীতে মন্তব্য করার সুযোগ রয়েছে। ফলে সফটওয়্যারের মাধ্যমেই আওতাধীন অফিসের এপিএ'র অর্ধ-বার্ষিক ফলাবর্তক (Feedback) প্রদান করা সম্ভব। এ বিষয়ে ইতঃপূর্বে মন্ত্রণালয়/বিভাগসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, এপিএ নির্দেশিকার ক্যালেন্ডারে উল্লেখিত তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন অফিসের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল এবং আওতাধীন অফিসের অর্ধ-বার্ষিক ফলাবর্তক (Feedback) প্রদান নিশ্চিত করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।